গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

নম্বর-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৯৯০

তারিখঃ ০২ শ্রাবণ ১৪২৬ / ১৭ জুলাই ২০১৯

## অফিস আদেশ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ সম্পর্কিত সভার কার্যবিবরণীর ক্রমিক নং ২ এর সিদ্ধান্ত মোতাবেক দিবসটি পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে অনুষ্ঠিতব্য সকল কর্মসূচিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীসহ এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Please circulate the letter to all officers and staffs of BNFE.

১৭/০৭/১৯
(ড. মোঃ মাহবুবুর রশীদ)
উপসচিব
ফোনঃ ৯৫১৪০৯১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬ (তাঁর দপ্তর এবং তাঁর আওতাধীন সকল বিভাগীয়, জেলা, পিটিআই, উপজেলা ও থানা অফিসসহ সকল প্রাথমিক বিদ্যালয়ে এ বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা (তাঁর দপ্তরসহ তাঁর আওতাধীন সকল জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহে এ বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. যুগ্মপ্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. সিনিয়র সহকারী সচিব/ মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব/ সিনিয়র সহকারী প্রধান/ সহকারী সচিব/সহকারী প্রধান/ পরিসংখ্যান কর্মকর্তা/ সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ লাইব্রেরীয়ান/ জনসংযোগ কর্মকর্তা/ হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা (সকল) এবং কর্মচারী (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৬ / ২৩ জুলাই ২০১৯

স্মারক নং-৩৮.০০.০০০০.৩০১.১৮.১৫২.১৫-৮৯৭

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিব্যু ঢাকা।
(প্রধান কার্যালয় ও উপজেলা কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।)
৩। সিষ্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সিষ্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা।
৫। উপ পরিচালক (সকল) ,উশিব্যু, ঢাকা।
৬। সহকারী পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা/ জেউশিব্যু।
৭। লাইব্রেরীয়ান/ স্টোর অফিসার, উশিব্যু ঢাকা।
৮। কর্মচারী (সকল),উশিব্যু, ঢাকা।
৯। অফিস কপি।

২৩/৭/১৯
(মো: রিপন কবীর লস্কর)
উপ পরিচালক(প্রশাসন)
ফোন :৯৮৯২৭৩৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আকরাম-আল-হোসেন<br>সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| স্থান | : | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| তারিখ | : | ১০.০৭.২০১৯ খ্রিঃ |
| সময় | : | বেলা ১২:০০ ঘটিকা |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট- ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবগত করেন যে, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষ্যে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে কর্মসূচি গ্রহণের লক্ষ্যে গত ০২ জুলাই ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তরসমূহ কর্তৃক দিবসটি পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপভাবে কর্মসূচি গ্রহণ করা হয়:

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়, সকল পিটিআই, প্রাথমিক বিদ্যালয়, আনন্দ স্কুল ও শিশু কল্যাণ ট্রাস্টের স্কুলসমূহে ১৫ আগস্ট ২০১৯ তারিখে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজি; ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |
| ২. | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে দিবসটি পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন। | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলার স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। সকল কর্মসূচিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীসহ এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিত থাকার ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনুপস্থিত কর্মকর্তা ও কর্মচারীর তালিকা প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। [বিঃ দ্রঃ জাতীয় কর্মসূচি তথা মন্ত্রিপরিষদ | অতিরিক্ত সচিব (প্রশাসন); ডিজি; ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | বিভাগের এতদসংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর কপি সংযুক্ত] | |
| ৩. | শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্ ও নাত্ প্রতিযোগিতা ও দোয়া মাহফিল। | সকল প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্ ও নাত্ প্রতিযোগিতা ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। | ডিজি; ডিপিই, বিএনএফই এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |
| ৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ১৫ আগস্ট ২০১৯ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একটি আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন। | ১৫ আগস্ট ২০১৯ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ঢাকা পিটিআইতে একটি আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। [বিঃ দ্রঃ এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর ও অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত থাকবেন] | ডিজি; ডিপিই, ডিডি, প্রাথমিক শিক্ষা, ঢাকা; ডিপিইও, ঢাকা; সুপার, ঢাকা পিটিআই। |
| ৫. | তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত পোস্টার শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ ও পাঁঠানো। | (ক) প্রাথমিক বিদ্যালয়ে পোস্টার বিতরণ করতে হবে।<br>(খ) ২,০০,০০০ পোস্টারের চাহিদা উল্লেখপূর্বক তথ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ডিপিইও এবং ইউইওগণ ডিসি, ইউএনও ও জেলা তথ্য অফিস হতে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা অনুযায়ী পোস্টার গ্রহণ করবেন। এ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-২) বিষয়টির প্রয়োজনীয় সমন্বয় করে বাস্তবায়ন নিশ্চিত করবেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন); ডিজি, ডিপিই, বিএনএফই এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক ও উপসচিব (প্রশাসন-২)। |
| ৬. | শিক্ষার্থী কর্তৃক ঢাকার ধানমন্ডিতে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন। | ১৬ আগস্ট ২০১৯ তারিখ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১০০ জন শিক্ষার্থী কর্তৃক ঢাকার ধানমন্ডিতে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজি; ডিপিই, যুগ্মসচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক, কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর এবং ডিডি, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ; ডিপিইও, ঢাকা। |
| ৭. | প্রাথমিক বিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে আলোচনা সভা ও ভিডিও ডকুমেন্টারী প্রদর্শনের আয়োজন। | প্রাথমিক বিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে আলোচনা সভা এবং এ সংক্রান্ত ভিডিও ডকুমেন্টারী প্রদর্শনের আয়োজন করতে হবে। | ডিজি; ডিপিই এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট; প্রকল্প পরিচালক, রস্ক। |
| ৮. | নিরাপত্তা প্রদান সংক্রান্ত। | জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে সকল কর্মসূচিতে সার্বিক নিরাপত্তার স্বার্থে জেলা ও উপজেলা পর্যায়ের সকল শিক্ষক ও কর্মকর্তাকে সার্বক্ষণিকভাবে স্থানীয় প্রশাসন ও পুলিশ বিভাগের সঙ্গে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা জারি করতে হবে। একই সাথে সকলকে ব্যক্তিগত নিরাপত্তায় সচেতন থাকার জন্য | স্বরাষ্ট্র মন্ত্রণালয়; ডিজি; ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক, রস্ক, ডিপিইও ও ইউইও (সকল)। |

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | অনুরোধ করা হলো। | |
| ৯. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য এই গ্রন্থসমূহ ক্রয় ও পঠন নিশ্চিত করতে হবে। এতদ্ব্যতীত, রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসেবে এই গ্রন্থসমূহ প্রদানের ব্যবস্থা নিতে হবে। | ডিজি, ডিপিই। |
| ১০. | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ। | ঢাকায় ধানমন্ডির ৩২নং রোডে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হবে এবং এ অনুষ্ঠানে যোগদানের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী এবং এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর, ব্যুরো, ইউনিট ও দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ০৯:৩০ মিনিটে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় সমবেত/উপস্থিত থাকবেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন); ডিজি; ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক, রস্ক। |
| ১১. | বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করবে। শিক্ষা প্রতিষ্ঠান / গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনীতে অংশগ্রহণ করতে হবে। প্রতিটি বিদ্যালয়ে জাতীয় শোক দিবসের পোস্টার সাঁটানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করতে হবে। | ডিজি; ডিপিই এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট; প্রকল্প পরিচালক; রস্ক। |
| ১২. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগ, জেলা ও উপজেলা প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে। | জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২,০০০/- (দুই হাজার) টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) এবং ডিজি; ডিপিই। |
| ১৩. | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কমিটি গঠন সংক্রান্ত। | ১৫ আগস্ট ২০১৯ তারিখ জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত একটি কমিটি গঠন করা হলো; যা নিম্নরূপ:<br>১। জনাব মোঃ জাকির হোসেন, এম.পি, মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- উপদেষ্টা।<br>২। জনাব মোঃ আকরাম-আল-হোসেন, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- সভাপতি<br>৩। এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তরসমূহের প্রধান- সদস্য<br>৪। এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব / | মন্তব্য: ডিজি; ডিপিই কমিটিকে সার্বিক সহায়তা প্রদান করবে। |

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | যুগ্মসচিব (সকল)- সদস্য<br>৫। ডিডি, প্রাথমিক শিক্ষা, ঢাকা- সদস্য<br>৬। ডিপিইও, ঢাকা- সদস্য<br>৭। সুপারিনটেনডেন্ট, ঢাকা পিটিআই- সদস্য<br>৮। উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- সদস্য সচিব | |

০২। জাতীয় শোক দিবস ২০১৯ এর গৃহীত কর্মসূচি পালনের জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর, ব্যুরো, ইউনিট, একাডেমী ও দপ্তর প্রধানগণ তাঁদের অধীনস্থ অফিসসমূহের সাথে প্রয়োজনীয় সমন্বয়, নির্দেশনা ও কর্মসূচি বাস্তবায়ন করবেন।

০৩। ০৭ আগস্ট, ২০১৯ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় এ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনার জন্য একটি ফলোআপ সভা অনুষ্ঠিত হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
১৪.০৭.২০১৯
(মোঃ আকরাম-আল-হোসেন)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬- ৯৭১

তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৬ / ১৪ জুলাই ২০১৯

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপুলিশ পরিদর্শক, ফুলবাড়ীয়া, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৯. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১২. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা।
১৩. প্রকল্প পরিচালক, রস্ক, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১৪. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. যুগ্মপ্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
২১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।
২২. সুপারিনটেনডেন্ট, ঢাকা পিটিআই, ঢাকা।
২৩. জনাব ..............................................................................................।
২৪. অফিস কপি।

১৪/৭/১৯
( ড. মোঃ মাহবুবুর রশীদ )
উপসচিব